



রূপসী বাংলা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর নির্বাচন কমিটির ১ম সভার কার্য বিবরণীঃ

স্থানঃ সমিতির কার্যালয়।
সময়ঃ দুপুর ১১.০০ ঘটিকা
তাং- ২৪/০৩/২৪খ্রিঃ।

সভায় উপস্থিত সদস্যদের নাম পদবী ও স্বাক্ষর

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১।	জনাব মুহাম্মদ বেগলাল হোসেন	সভাপতি	
০২।	জনাব হাসিয়া আক্তার	সদস্য	
০৩।	জনাব মোঃ আব্দুল জব্বার	সদস্য	

অধ্যকার সভা সমিতির নির্বাচন কমিটির সভাপতি জনাব মুহাম্মদ বেগলাল হোসেন এর সভাপতিত্বে আরম্ভ করা হলো। সভায় সভাপতি সাহেব জানান যে, সমিতির ২৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে অনুমোদিত ভোটার তালিকা সহ অন্যান্য কাগজপত্র পাওয়া গিয়াছে। অনুষ্ঠিতব্য নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করার স্বার্থে নির্বাচনী তফসিল ঘোষণা করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

ক্রঃ নং	কর্মসূচী	তারিখ	সময়	স্থান
১	মনোনয়ন পত্র বিতরণ	২৭/০৩/২৪ ২৯/০৩/২৪	সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত	সমিতির কার্যালয়
২	মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ ও সময়	৩১/০৩/২৪	সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত	সমিতির কার্যালয়
৩	মনোনয়ন পত্র বাছাই প্রার্থী বা তার প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)	০১/০৪/২৪	সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত	সমিতির কার্যালয়
৪	বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ	০১/০৪/২৪	বাছাই শেষে	সমিতির কার্যালয়
৫	প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন গ্রহন	০৩/০৪/২৪, ০৪/০৪/২৪খ্রিঃ	অফিস চলাকালীন সময়	জেলা সমবায় কর্মকর্তা মানিকগঞ্জ
৬	স্বাক্ষরিত শুনানী	০৫/০৪/২৪ খ্রিঃ ০৬/০৪/২৪ খ্রিঃ ১৫/০৪/২৪ খ্রিঃ	জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ মহাপুর কর্মকর্তা নির্ধারিত সময়	জেলা সমবায় কর্মকর্তা মানিকগঞ্জ
৭	বৈধ ও বাতিলকৃত চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	১৬/০৪/২৪ খ্রিঃ	বেলা ১২.০০ ঘটিকা	সমিতির কার্যালয়
৮	প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে)	১৮/০৪/২৪	সকাল ১০ টা হতে বিকাল ০২ টা পর্যন্ত	সমিতির কার্যালয়
৯	পাল্লীক ববাহু ও বিন পল্লীক ববাহু বিকল্পিতদের তালিকা প্রকাশ	১৯/০৪/২৪	বেলা ১২.০০ ঘটিকা	সমিতির কার্যালয়
১০	ভোট গ্রহণ	২৪/০৪/২৪	সকাল ১০.০০ হতে বিকাল ০৩.০০ টা পর্যন্ত(বিরতিহীনভাবে)	সমিতির কার্যালয়
১১	ভোট গননা ও ফলাফল ঘোষণা	২৪/০৪/২৪	গণনা শেষে	সমিতির কার্যালয়

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়াবলী

০১। সমিতির উপ-আইন মোতাবেক ব্যবস্থাপনা কমিটির ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন সম্পাদক, ১ জন যুগ্ম সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ ও ০১ জন সম্মানীত সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২। নির্বাচনী প্রতীক :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	মনোনয়ন পত্রের মূল্য	নির্বাচনী প্রতীক
১	সভাপতি	০১		চেয়ার, ছাতা, আনারস, গরুরগাড়ী
২	সহ-সভাপতি	০১		দেয়ালঘড়ি, দোয়াতকলম,
৩	সম্পাদক	০১		মাছ, আম, গোলাপফুল
৪	যুগ্ম-সম্পাদক	০১		কলস, ফ্যান, খেজুরগাছ, হরিণ
৫	কোষাধ্যক্ষ	০১		মোরগ, ডাব, বালতি, কলম
৬	সদস্য	০১		বই, মই, ছাতা, মোমবাতি
	মোট	০৬ জন		

০৩। প্রার্থীকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২২(২), ২২(৪) ও ২৪ বিধিসহ সংশ্লিষ্ট অন্যান্য ধারা ও বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৫। মনোনয়ন পত্রে উল্লেখিত প্রার্থীর নামের সাথে অন্যান্য দলিলাদিতে নামের অমিল অথবা মনোনয়ন পত্র অসম্পূর্ণ, কাটাকাটি কিংবা ঘষামাজা থাকলে এবং মিথ্যা কিংবা প্রতারণা পূর্ণ তথ্য পরিবেশন করা হলে অথবা নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক মনোনয়নপত্রের সঙ্গে প্রয়োজনীয় দলিলপত্র সংযুক্ত করা না হলে বা না থাকলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮ বিধি মতে নির্বাচন কমিটি মনোনয়ন পত্র বাতিল করতে পারবে।

০৬। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪(১) বিধি মতে কোন সদস্য একই সঙ্গে একাধিক পদে প্রার্থী হতে পারবে না। এ ক্ষেত্রে প্রার্থীর সকল মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

০৭। ঘোষিত তফসিল মোতাবেক মনোনয়ন পত্র নির্ধারিত সময় সীমার মধ্যে সরাসরি নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে অথবা ডাকযোগে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না। মনোনয়ন পত্রের সাথে মনোনয়ন পত্রের ফি বাবদ জমা প্রদান করে রশিদের মূল কপি সংযোজন করতে হবে।

০৮। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং ঘোষিত তফসিল মোতাবেক পরিচালিত হবে।

পরিশেষে নির্বাচনী তফসিলের সময়সূচী মোতাবেক পরবর্তী সভাগুলোতে নির্বাচন কমিটির সকল সদস্যগণকে উপস্থিত থাকার অনুরোধ ও নির্বাচনী কাজে সহযোগিতা করার আহ্বান জানান। অদ্যকার সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

নির্বাচন কমিটি/২০২৪

রূপসী বাহাদুর বাসিন্দা, পলাশী, কলকাতা-৭০০০৩২